# আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ خاتمة في التحذير من البدع - বিদআত থেকে সতর্ক করণার্থে একটি পরিশিষ্ট

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

الفصل السادس: بيان نماذج من البدع المعاصرة - ষষ্ঠ পরিচ্ছেদ: সমকালীন বহুল প্রচলিত কতিপয় বিদআতের উদাহরণ

সময় অতিক্রম, দীনী ইলমের স্বল্পতা, বিদআতের দিকে আহবানকারীর সংখ্যাধিক্য, ইসলাম বিরোধী কার্যকলাপ এবং কাফেরদের আচার-আচরণের সাথে সাদৃশ্য করণ ইত্যাদি কারণে বর্তমানে বিদআতের সয়লাব বয়ে যাচ্ছে। এ ব্যাপারে রসূল সাল্লাল্লাহু  আলাইহি ওয়া সাল্লামএর বাণী বাস্তবায়িত হয়েছে, তিনি বলেছেন,

«لَتَتْبَعُنَّ سَنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ»

“তোমরা অবশ্যই পূর্ববর্তী জাতিসমূহের সুন্নাতের অনুসরণ করবে” ।[1]

সমকালীন বিদআত সমূহের মধ্যে থেকে নিম্নে আমরা কতিপয় বিদআতের আলোচনা করব।

- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্ম উপলক্ষে ঈদে মীলাদুন্ নবী পালন করা।
- কবর, মাযার ও বিভিন্ন স্থান থেকে বরকত লাভ করা।
- ইবাদত ও আল্লাহর নৈকট্য লাভের ক্ষেত্রে নতুন নতুন ইবাদত তৈরী করা।

---

[1]. সহীহ বুখারী, হা/৭৩২০, ইবনে মাজাহ, হা/৩৯৯৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13321

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন